বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রধান কার্যালয়
বীর উত্তম এ কে খন্দকার সড়ক
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।

## বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর মে ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব আখতারুজ জামান খান কবির |
| তারিখ ও সময় | : ২৮ মে ২০১৭ খ্রি:, সকাল ১০:৩০ |
| স্থান | : সম্মেলন কক্ষ, প্রধান কার্যালয় |
| উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১.১। সভার শুরুতেই পরিচালক (পরিকল্পনা) ব্যপক-এর সদ্য আগত চেয়ারম্যান মহোদয়কে স্বাগত জানান ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। এরপর ব্যবস্থাপক (আইসিটি) সংস্থার কর্মপরিধি নিয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন চেয়ারম্যান মহোদয়ের জ্ঞাতার্থে উপস্থাপন করেন।

২.০। অতঃপর সভাপতি মহোদয়ের অনুরোধে মহাব্যবস্থাপক (অর্থ ও প্রশাসন) গত ২৪-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত পূর্ববর্তী মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ও বর্তমান সভার কার্যপত্র উপস্থাপন করেন। গত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে কোনো সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়। এরপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:-

<table>
<tr><th>ক্রমিক</th><th>বিষয়</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা</th></tr>
<tr><td colspan="5">প্রশাসন বিভাগ</td></tr>
<tr><td>৩.০</td><td colspan="4">আইন শাখা</td></tr>
<tr><td>৩.১</td><td>রীট, দেওয়ানী এবং ফৌজদারি মামলা সম্পর্কিত</td><td>ব্যবস্থাপক (আইন) জানান, বিজ্ঞ আইনজীবীদের পেশাগত ফি প্রদানের জন্য বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর অধীন বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, হোটেল সোনারগাঁও, বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড-এর নিজস্ব রেট চার্ট সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি আগামী ০৪ জুন ২০১৭ তারিখের মধ্যে সকল রেট চার্ট সংগ্রহ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।</td><td>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়-এর আওতাধীন সংস্থাসমূহের বিজ্ঞ আইনজীবীদের পেশাগত ফি-এর তুলনামূলক রেট-চার্ট আগামী ০৪ জুন ২০১৭ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।</td><td>ব্যবস্থাপক (আইন)</td></tr>
<tr><td></td><td></td><td>ব্যবস্থাপক (আইন) জানান দীর্ঘদিন অনিষ্পন্ন থাকা সংস্থার মামলাগুলো শ্রেণীবিন্যস্ত করে গুরুত্ব বিবেচনান্তে অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিষ্পত্তির জন্য সংস্থার মামলাসমূহকে ক) অতি গুরুত্বপূর্ণ, খ) গুরুত্বপূর্ণ ও গ) কম গুরুত্বপূর্ণ শ্রেণীতে বিভক্ত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া মামলাসমূহের সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:
<table>
<tr><th>আদালত</th><th>মামলাসমূহ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td rowspan="2">সুপ্রিম কোর্ট</td><td>আপিল বিভাগ</td><td>০২টি</td></tr>
<tr><td colspan="2">হাইকোর্ট বিভাগ</td></tr>
<tr><td rowspan="4"></td><td>রিট মামলা</td><td>১৪টি</td></tr>
<tr><td>কনটেম্পট পিটিশন</td><td>০৩টি</td></tr>
<tr><td>ফার্স্ট আপিল মামলা</td><td>০৩টি</td></tr>
<tr><td>সিভিল ডিভিশন মামলা</td><td>০১টি</td></tr>
<tr><td colspan="2">নিম্ন আদালত</td><td>১০টি</td></tr>
<tr><td colspan="2">সার্টিফিকেট আদালত</td><td>০১টি</td></tr>
</table></td><td>দীর্ঘদিন অনিষ্পন্ন থাকা মামলাগুলো শ্রেণীবিন্যস্ত করে গুরুত্ব বিবেচনান্তে অগ্রাধিকার ভিত্তিতে দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>ব্যবস্থাপক (আইন)</td></tr>
</table>

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | এছাড়া সভাপতি বিশেষ ক্ষেত্রে আইনজীবী জনাব তানজীব-উল আলম এবং জনাব মনজিল মোরশেদ মহোদয়ের আইনি সহায়তা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | | |
| ৩.২ | শ্রীমঙ্গলে সংস্থার নামে খাসজমি বরাদ্দ ও আনুষঙ্গিক আইনগত বিরোধ প্রসঙ্গে | বিগত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক, সভাপতি আইনজীবীদের সাথে পরবর্তী সভায় বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিজ্ঞ আইনজীবীদের সাথে পরবর্তী সভায় বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) / ব্যবস্থাপক (আইন) |
| ৪.০ | প্রশাসন শাখা | | | |
| ৪.১ | APA-এর লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত | প্রায় সকল ক্ষেত্রে APA-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। তবে ১. পর্যটন রেস্তোরাঁসমূহে সফট মিউজিক সিস্টেম প্রবর্তন, ২. স্থানীয় জনগোষ্ঠীকে পর্যটন সংশ্লিষ্ট কাজে সম্পৃক্তকরণ, ৩. স্ট্রীট ভেন্ডরদের-কে উৎসাহিত করা, ৪. করপূর্ব মুনাফার লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং ৫. নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি বিষয়ে সংস্থা সামান্য পিছিয়ে রয়েছে। আলোচ্য বিষয়গুলোতেও কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে সংশ্লিষ্ট ব্যবস্থাপকগণ জোর আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি সকল ক্ষেত্রে APA-এর কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের পরামর্শ প্রদান করেন। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত প্রতিটি বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং প্রতি সভাতে APA-এর বিষয়ে আলোকপাত করতে হবে। | সকল বিভাগ |
| ৪.২ | গণশুনানি/অভিযোগ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) সভাকে জানান, প্রতি সোমবার গণশুনানি গ্রহণ অব্যাহত রয়েছে। এ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ অব্যাহত রয়েছে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক গণশুনানি গ্রহণ ও নির্ধারিত 'ছক' অনুযায়ী বস্তুনিষ্ঠ প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে। | প্রশাসন বিভাগ / বাণিজ্যিক বিভাগ |
| ৪.৩ | স্থায়ী জনবল নিয়োগ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) জানান যে, Institute of Business Administration (IBA) কর্তৃপক্ষের সাথে ২,০০,০০০.০০ (দুই লক্ষ মাত্র) টাকা খরচে *বাপক*-এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম চূড়ান্ত করা হয়েছে। আগামী ১৭ জুন ২০১৭ তারিখে লিখিত পরীক্ষার তারিখও নির্ধারণ করা হয়েছে। তিনি উল্লেখ করেন, সভাপতি মহোদয়ের নির্দেশনা পেলে লিখিত পরীক্ষার 'প্রবেশ পত্র' প্রেরণ করা শুরু হবে। সভাপতি দ্রুত ও স্বচ্ছতার সাথে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) IBA কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়ে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করবেন। | মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) |
| ৪.৪ | অনিষ্পন্ন বিষয়াদি সম্পর্কিত | মন্ত্রণালয় এবং *বাপক*-এর অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে তালিকা প্রস্তুতপূর্বক সকল পরিচালককে প্রতিমাসে একটি সভা আয়োজন এবং সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী ও বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর পেশ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | মন্ত্রণালয় এবং *বাপক*-এর অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে তালিকা প্রস্তুতপূর্বক সকল পরিচালক প্রতিমাসে একটি সভা করবেন এবং সভার সংক্ষিপ্ত কার্যবিবরণী ও বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর পেশ করবেন। | সকল বিভাগীয় প্রধান |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৪.৫ | সংস্থার নতুন গাড়ি ক্রয় প্রসঙ্গে | ব্যবস্থাপক (কেন্দ্রীয় স্টোর) জানান, সংস্থার জন্য ৩০ আসনবিশিষ্ট নতুন ট্যুরিস্ট কোচ ক্রয়ের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং দুইটি মাইক্রোবাস ক্রয়ের জন্য নথি প্রক্রিয়াকরণ করা হয়েছে। তবে পিটিএস বিভাগ থেকে উল্লেখ করা হয়, পরিকল্পনা কমিশন থেকে অনুদান হিসেবে অনুমোদনকৃত থোক টাকার মধ্যে সংস্থার জন্য ০৮টি গাড়ি ক্রয়ের আর্থিক বরাদ্দ রয়েছে। এ প্রেক্ষিতে সভাপতি সার্বিক পরিস্থিতি বিবেচনায় সর্বোত্তম পন্থা অবলম্বনের নির্দেশনা প্রদান করেন। | পরিকল্পনা কমিশন হতে অনুদান হিসেবে অনুমোদনকৃত অর্থ সংস্থার অনুকূলে ছাড়করণ এবং তৎপরবর্তীতে সংস্থার জন্য গাড়ি ক্রয় সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) / ব্যবস্থাপক (কেন্দ্রীয় স্টোর) |
| ৫.০ | আইসিটি বিভাগ | | | |
| ৫.১ | অটোমেশন এবং ই-জিপি বাস্তবায়ন প্রসঙ্গে | আইসিটি বিভাগ থেকে জানা যায়, প্রধান কার্যালয়ে অটোমেশন সংক্রান্ত দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং ই-জিপি বাস্তবায়নের জন্য প্রশিক্ষণার্থীদের তালিকা প্রণয়ন করে প্রশাসন বিভাগের মাধ্যমে 'সিপিটিইউ'-কে পত্র প্রদান করলে সিপিটিইউ-ই উক্ত প্রশিক্ষণের আয়োজন করবে। | প্রধান কার্যালয়ে অটোমেশন সংক্রান্ত দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং ই-জিপি বাস্তবায়নের জন্য কার্যকর প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করতে হবে। | আইসিটি বিভাগ |
| ৫.২ | 'ই-নথি' প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন প্রসঙ্গে | আইসিটি বিভাগ জানায়, গত ১৯-২০ এবং ২৬-২৭ এপ্রিল ২০১৭ তারিখে ৩য় ও ৪র্থ ব্যাচে ই-নথি প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করা হয়েছে। সভাপতি এনএইচটিটিআই, হোটেল অবকাশ এবং ডিএফও-কেও প্রশিক্ষণ প্রদানের পরামর্শ প্রদান করেন। এছাড়া আগামী ০৮ জুন ২০১৭ তারিখের মধ্যে সকল বিভাগকে ই-নথি কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি ই-নথি ব্যবহারের ক্ষেত্রে সংস্থার অবস্থান উন্নীতকরণের জন্য সকলকে একযোগে কাজ করার উপর জোর তাগিদ প্রদান করেন। | এনএইচটিটিআই, হোটেল অবকাশ এবং ডিএফও-কে ই-নথি প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগামী ০৮ জুন ২০১৭ তারিখের মধ্যে সকল বিভাগকে ই-নথি কার্যক্রম শুরু করতে হবে। | আইসিটি বিভাগ / সকল বিভাগ |
| ৫.৩ | প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের 'বাংলাদেশ ট্যুরিজম পোর্টাল' শীর্ষক প্রকল্প প্রসঙ্গে | আইসিটি বিভাগ জানায়, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে পত্র পাওয়া গেছে। সে অনুযায়ী প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের 'বাংলাদেশ ট্যুরিজম পোর্টাল' শীর্ষক প্রকল্পের পরবর্তী কার্যক্রম সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রোগ্রামের 'বাংলাদেশ ট্যুরিজম পোর্টাল' শীর্ষক প্রকল্পের পরবর্তী কার্যক্রম সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) / ব্যবস্থাপক (আইসিটি) |
| ৫.৪ | বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর 'এন্টারপ্রাইজ রিসোর্স প্ল্যানিং' সফটওয়্যার-এর কর্মক্ষম ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে | অটোমেশন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সফটওয়্যার-এর স্ক্রিপ্ট আনয়নের জন্য সভাপতি ব্যবস্থাপক (আইসিটি)-কে নির্দেশনা প্রদান করেন। এছাড়া অর্থ ও হিসাব বিভাগ-এর জন্য সফটওয়্যারটি কর্মক্ষম হিসেবে ব্যবহার নিশ্চিতকরণের জন্য ব্যবস্থাপক (আইসিটি)-কে সভাপতি পরামর্শ প্রদান করেন। | ব্যবস্থাপক (আইসিটি) অটোমেশন সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট থেকে সফটওয়্যার-এর স্ক্রিপ্ট আনয়নের ব্যবস্থা গ্রহণ করবেন এবং অর্থ ও হিসাবসহ বাপক-এর সকল বিভাগের জন্য সফটওয়্যারটি কর্মক্ষম হিসেবে ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | ব্যবস্থাপক (আইসিটি) |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৬.০ | অর্থ ও হিসাব বিভাগ | | | |
| ৬.১ | সংস্থার চলতি অর্থ বৎসরের আর্থিক প্রতিবেদন সম্পর্কিত | প্রতিটি ইউনিটের আয়ের লক্ষ্যমাত্রা অর্জন বিষয়ক অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করার জন্য ইউনিটসমূহকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>অর্থ ও হিসাব বিভাগ থেকে জানা যায়, ২০১৬-১৭ অর্থবছরে লক্ষ্যমাত্রা ১২৭.৪১ কোটি টাকা ধার্য করা হয়েছে। এর বিপরীতে জুলাই ২০১৬-এপ্রিল ২০১৭ পর্যন্ত (১০ মাস) অর্জিত হয়েছে ৭৮.০২ কোটি টাকা। উক্ত ১০ মাসে আয়ের লক্ষ্যমাত্রা ছিল ৯২.৭৮ কোটি টাকা। | প্রতি মাসে ইউনিট ব্যবস্থাপকগণ অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগে প্রেরণ করবেন। | বাণিজ্যিক বিভাগের মাধ্যমে ইউনিট ব্যবস্থাপকগণ / অর্থ ও হিসাব বিভাগ |
| ৬.২ | বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর পর্যটন কল্যাণ ট্রাস্ট এবং ব্যপক প্রধান কার্যালয়ে কর্মরত লোকবলের বেতন-ভাতাদি রাজস্ব খাত হতে নির্বাহ প্রসঙ্গে | সভাপতি উল্লেখ করেন, অন্যান্য সংস্থার ন্যায় বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর জন্য 'পর্যটন কল্যাণ ট্রাস্ট' গঠন করা যেতে পারে। এছাড়া তিনি প্রধান কার্যালয়ে কর্মরত জনবলের বেতন-ভাতাদি রাজস্ব খাত হতে নির্বাহের জন্য প্রশাসনিক এবং অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ও যোগাযোগ কার্যক্রম শুরু করতে অর্থ ও হিসাব বিভাগ-কে পরামর্শ প্রদান করেন। | 'পর্যটন কল্যাণ ট্রাস্ট' গঠনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ের জনবলের বেতন-ভাতাদি রাজস্ব খাত হতে নির্বাহের বিষয়ে প্রশাসনিক এবং অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ ও যোগাযোগ কার্যক্রম শুরু করতে হবে। | অর্থ ও হিসাব বিভাগ |
| ৬.৩ | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি প্রসঙ্গে | নিরীক্ষা শাখা থেকে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন হতে জানা যায়, ব্যপক-এর অমীমাংসিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে জবাব প্রদান এবং দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠানের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় গত ০৩-০৪ মে, ২০১৭ তারিখে মোটেল সৈকত, চট্টগ্রাম ইউনিট-এ ০১টি দ্বি-পক্ষীয় ও ০১টি ত্রি-পক্ষীয় অডিট সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভা দু'টিতে চট্টগ্রাম, কক্সবাজার ও রাঙামাটি ইউনিট-এর আলোচিত ৩৮টি সাধারণ আপত্তির মধ্যে ৩৭টি এবং ১৬টি অগ্রিম অনুচ্ছেদের মধ্যে ১৫ টি অনুচ্ছেদ নিষ্পত্তির সুপারিশ করা হয়।<br>গত ২৯ মার্চ ২০১৭ তারিখে রংপুর মোটেল-এ অনুষ্ঠিত দ্বি-পক্ষীয় সভায় আলোচিত রাজশাহী, বগুড়া, রংপুর ও দিনাজপুর ইউনিট-এর মোট ২২টি সাধারণ নিরীক্ষা আপত্তির মধ্যে ২০টি এবং কক্সবাজার ইউনিট-এর সাধারণ নিরীক্ষা আপত্তির জবাবের আলোকে ০৩টি আপত্তি নিষ্পত্তির জারিপত্র ইতোমধ্যে পাওয়া গেছে। | সংস্থার নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। আরো অধিক হারে স্বল্প সময়ের ব্যবধানে প্রতিমাসে দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভা করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির প্রচেষ্টা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৭.০ | ডিউটি ফ্রি অপারেশন্স | | | |
| ৭.১ | সকল ডিউটি ফ্রি শপসমূহে বারকোড সংযোজনের মাধ্যমে স্ক্যানার দিয়ে বিক্রয় কার্যক্রম সম্পাদন প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (ডিএফও) উল্লেখ করেন, আইসিটি বিভাগের সাথে সমন্বয়পূর্বক ডিএফও নিয়ন্ত্রিত আন্তর্জাতিক বিমানবন্দরসমূহে অবস্থিত শুল্কমুক্ত বিপণীতে বারকোড সংযোজনের মাধ্যমে স্ক্যানার ব্যবহার করে বিক্রয় কার্যক্রম নিশ্চিত করার লক্ষ্যে জনাব মোহাম্মদ এহসানুল কবির, | সকল ডিউটি ফ্রি শপসমূহে বারকোড সংযোজনের মাধ্যমে স্ক্যানার ব্যবহার করে বিক্রয় কার্যক্রম সম্পন্নকরণ নিশ্চিত করতে হবে।<br>ব্যবস্থাপক (আইসিটি) অতি সত্বর বিমানবন্দরস্থ শুল্কমুক্ত বিপণীগুলোতে | মহাব্যবস্থাপক (ডিএফও) / ব্যবস্থাপক (শুল্কমুক্ত বিপণীসমূহ), হশাআবি / ব্যবস্থাপক (আইসিটি) |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপক (আইসিটি) শুল্কমুক্ত বিপণীসমূহ পরিদর্শন করেছেন।<br>সভাপতি ব্যবস্থাপক (আইসিটি)-কে এ বিষয়ে অতি সত্বর সুচিন্তিত সুপারিশ উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | বারকোড ও স্ক্যানার বিষয়ক সকল জটিলতা নিরসনে তাঁর সুচিন্তিত সুপারিশ কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করবেন। | |
| ৭.২ | ডিউটি ফ্রি শপসমূহে দেশীয় হস্তশিল্প এবং বিবিধ (Miscellaneous) পণ্য বিক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (ডিএফও) সভাকে অবহিত করেন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ শুল্কমুক্ত বিপণীগুলোকে ইতোমধ্যে নতুনভাবে সজ্জিতকরণের কার্যক্রম গ্রহণ সম্পন্ন হয়েছে। দেশীয় হস্তশিল্প এবং বিবিধ (Miscellaneous) পণ্য বিক্রয়ের কার্যক্রম অব্যাহত আছে। উল্লেখ্য আন্তর্জাতিক মানের সাজসজ্জায়, নতুন আঙ্গিকে সাইন বোর্ড স্থাপন, নতুন কর্মকর্তা বদলি এবং দেশীয় পণ্যের সমাহার বৃদ্ধি পাওয়ায় স্থানীয় পণ্যের বিক্রয় ব্যাপক হারে বৃদ্ধি পেয়েছে। | শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরস্থ শুল্কমুক্ত বিপণীগুলোকে নতুনভাবে সজ্জিতকরণ ও দেশীয় বিবিধ পণ্যের বিক্রয়ের মাধ্যমে ব্যবসা উন্নয়নের লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (ডিএফও) / ব্যবস্থাপক (শুল্কমুক্ত বিপণীসমূহ), হশাআবি |
| ৭.৩ | *বাপক*-এর অনুকূলে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের আগমনী ইমিগ্রেশন এলাকায় জায়গা বরাদ্দ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (ডিএফও) সভাকে অবহিত করেন, *বাপক*-এর অনুকূলে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের আগমনী ইমিগ্রেশন এলাকায় বরাদ্দকৃত জায়গা সজ্জিতকরণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচনের জন্য গত ১৪-০৫-২০১৭ তারিখে সংস্থার পূর্ত বিভাগ থেকে কোটেশন বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। অন্যদিকে পূর্ত বিভাগ থেকে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন হতে জানা যায়, এ বিষয়ে দর প্রস্তাব আহবান করা হয়েছে। ২১-০৫-২০১৭ তারিখে দর প্রস্তাব গ্রহণের দিন ধার্য করা হয়।<br>এছাড়া মহাব্যবস্থাপক (পূর্ত) জানান, আন্তর্জাতিক মানের ইন্টেরিওর ডিজাইন-এর 3D Drawing কর্তৃপক্ষ সমীপে উপস্থাপনের জন্য প্রস্তুত করা হয়েছে। সভাপতি অতি সত্বর কমপক্ষে তিনটি নকশা প্রদর্শনের নির্দেশনা প্রদান করেন। | *বাপক*-এর অনুকূলে হযরত শাহজালাল আর্ন্তজাতিক বিমানবন্দরের আগমনী ইমিগ্রেশন এলাকায় বরাদ্দকৃত জায়গা সজ্জিতকরণের জন্য মহাব্যবস্থাপক (ডিএফও) পূর্ত বিভাগের সহায়তায় আন্তর্জাতিক মানের ইন্টেরিওর ডিজাইনার প্রতিষ্ঠানের মাধ্যমে আর্থিক প্রাক্কলনসহ অতি সত্বর কমপক্ষে তিনটি 3D Drawing কর্তৃপক্ষকে প্রদর্শন করবেন। | মহাব্যবস্থাপক (ডিএফও) / পূর্ত বিভাগ |
| ৭.৪ | দেশের বিভিন্ন বন্দর শহর/স্থলবন্দরসমূহে *বাপক*-এর অনুকূলে বার লাইসেন্স গ্রহণ এবং ডিউটি ফ্রি অপারেশন্স ও বাণিজ্যিক ইউনিটসমূহে বার সুবিধা চালুকরণ প্রসঙ্গে | ব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) বলেন, দেশের বিভিন্ন বন্দর শহর/স্থলবন্দরসমূহে ডিউটি ফ্রি অপারেশন্স ও বাণিজ্যিক ইউনিটসমূহে বার সুবিধা সংযোজন করা যেতে পারে। এতে ব্যবসায়িক উন্নতি হওয়ার সমূহ সম্ভাবনা রয়েছে বলে তিনি মতামত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে সভাপতি অবকাঠামোগত সুবিধা থাকা সাপেক্ষে বাণিজ্যিক বিভাগ ও ডিএফও ইউনিটকে সার্বিক অবস্থা যাচাই করে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ডিএফও ইউনিট বিভিন্ন বন্দর শহর/স্থলবন্দরসমূহে ডিউটি ফ্রি অপারেশন্স ও বাণিজ্যিক ইউনিটসমূহে বার সুবিধা সংযোজনের ব্যবসায়িক সম্ভাব্যতা যাচাই করবে।<br>বাণিজ্যিক বিভাগ ইউনিটসমূহের অবকাঠামোগত অবস্থার উন্নয়ন ও বার লাইসেন্স গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মহাব্যবস্থাপক (ডিএফও) / বাণিজ্যিক বিভাগ |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| বাণিজ্যিক বিভাগ | | | | |
| ৮.০ | বাণিজ্যিক বিভাগ, প্রধান কার্যালয় | | | |
| ৮.১ | মেরী এন্ডারসন ভাসমান রেস্তোরাঁ প্রসঙ্গে | ক. মহাব্যবস্থাপক (পূর্ত) জানান, আগুনে পুড়ে যাওয়া মেরী এন্ডারসন ভাসমান রেস্তোরাঁ জাহাজটি ভাসমান রাখতে *বাপক*-এর প্রতিনিধিসহ BUET-এর অধ্যাপক জনাব খবির উদ্দিন ২য় দফা পরিদর্শন করেছেন। পরিদর্শন শেষে অধ্যাপক মহোদয় জানান, নিমজ্জমান জাহাজটি ভাসিয়ে রাখার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে সে বিষয়ে তিনি বিস্তারিত রিপোর্ট তৈরি করবেন। তবে রিপোর্টটি পরিদর্শন ফি/সম্মানী (ষাট হাজার টাকা মাত্র) পরিশোধ করে তাঁর নিকট হতে সংগ্রহ করার অনুরোধ জানান। উল্লেখ্য বিষয়টি ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট-এর নথিতে পৃথকভাবে উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।<br>খ. গত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক, মেরী এন্ডারসন ভাসমান রেস্তোরাঁ জাহাজটি সংস্কারের বর্তমান পকিল্পনার পরিবর্তে পূর্বের সিদ্ধান্ত মোতাবেক জাহাজটির মেরামতের প্রস্তাবিত প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থবছরের এডিপি-তে অর্ন্তভুক্তির লক্ষ্যে পিটিএস বিভাগ থেকে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। কিন্তু পরিকল্পনা কমিশন কর্তৃক এটি গৃহীত হয়নি। | ক. মহাব্যবস্থাপক (পূর্ত) BUET-এর Dept. of Naval Architecture and Marine Engineering-এর অধ্যাপক জনাব খবির উদ্দিন-এর সুপারিশমালা সংগ্রহপূর্বক কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবেন। ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট) জাহাজটি ভাসমান রাখতে শিকল ক্রয়সহ অন্যান্য করণীয়সমূহ নির্ধারণপূর্বক দ্রুত বাস্তবায়নের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। জনাব খবির উদ্দিনের পেশকৃত সুপারিশকৃত প্রস্তাবনা কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য হলে তাঁর বিল পরবর্তীতে বিবেচনা করা যেতে পারে।<br>খ. ভাসমান রেস্তোরাঁ মেরী এন্ডারসন জাহাজটি সংস্কারের বর্তমান পকিল্পনার পরিবর্তে পূর্বের সিদ্ধান্ত মোতাবেক জাহাজটি মেরামত করার বিষয়ে পরবর্তী এডিপি-তে অর্ন্তভুক্তির লক্ষ্যে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) / মহাব্যবস্থাপক (পূর্ত) / ব্যবস্থাপক (আইন) / ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট)<br>বাণিজ্যিক বিভাগ / মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ৮.২ | ভাসমান রেস্তোরাঁসহ নতুন নতুন ধারণা প্রবর্তন/বাস্তবায়ন প্রসঙ্গে | পরিচালক (বাণিজ্যিক) সভাকে অবহিত করেন, পূববর্তী চেয়ারম্যান এবং পরিচালক মহোদয়গণ হাতিরঝিল প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে একাধিকবার আলোচনা করেছেন। তাঁরা জানিয়েছেন, হাতিরঝিল প্রকল্পের পানি শোধন ও দুর্গন্ধমুক্ত করার কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রক্রিয়া সম্পন্ন হলে সোনারগাঁও হোটেল সংলগ্ন ফাঁকা জায়গায় *বাপক* প্রস্তাবিত বিষয়ে আলোচনা অগ্রসর করা যেতে পারে।<br>এ প্রেক্ষিতে প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে পুনরায় যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণে সভাপতি জোর তাগিদ প্রদান করেন। | হাতিরঝিল প্রকল্পের প্রকল্প পরিচালক-এর সাথে যথাসম্ভব স্বল্প সময়ে পরিচালক (বাণিজ্যিক) যোগাযোগ করবেন এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | পরিচালক (বাণিজ্যিক) (বাণিজ্যিক বিভাগের সহায়তায়) |
| ৯.০ | হোটেল অবকাশ এবং জাতীয় চিড়িয়াখানা | | | |
| ৯.১ | সোনার বাংলা এক্সপ্রেস ট্রেন-এ খাবার সরবরাহের বিষয়ে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ-এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (হোটেল অবকাশ) সভাকে বলেন, *বাপক*-এর সাথে বাংলাদেশ রেলওয়ে কর্তৃপক্ষ-এর সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে গত ০৭-০৫-২০১৭ তারিখে রেলওয়ে মন্ত্রণালয়-এর অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর সাথে সাক্ষাৎ করা হয়েছে। উক্ত মন্ত্রণালয়-এর সচিব এলপিআর-এ যাওয়ায় প্রস্তাবিত MoU এখনো মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়নি। মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত MoU অনুমোদিত হলে আগামী সপ্তাহেই তা | মহাব্যবস্থাপক (হোটেল অবকাশ) সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবেন। | মহাব্যবস্থাপক, হোটেল অবকাশ |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | চূড়ান্ত করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে। সভাপতি সত্বর সমঝোতা স্মারক স্বাক্ষর সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | | |
| ৯.২ | হোটেল অবকাশ-এর জন্য একটি 'চিলার ভ্যান' ক্রয় প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (হোটেল অবকাশ) বলেন, হোটেল অবকাশ-এর খাবার অন্যত্র পরিবহনের জন্য একটি 'চিলার ভ্যান' ক্রয় করা অত্যন্ত জরুরি। তবে অর্থ স্বল্পতার কারণে আগামী অর্থবছরে নিজস্ব তহবিল থেকে অর্থ সংকুলান করে 'চিলার ভ্যান' ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে বলে তিনি উল্লেখ করেন। এ প্রেক্ষিতে সভাপতি 'নিটোল-নিলয় গ্রুপ'-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে এ বিষয়ে দ্রুত যোগাযোগপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | আগামী অর্থবছরে নিজস্ব তহবিল থেকে অর্থ সংকুলান করে ভ্যানটি ক্রয়ের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>'নিটোল-নিলয় গ্রুপ'-এর চেয়ারম্যান মহোদয়ের সাথে এ বিষয়ে দ্রুত যোগাযোগপূর্বক কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক, হোটেল অবকাশ |
| ৯.৩ | হোটেল অবকাশ-এর পার্শ্ববর্তী সিনহা গ্রুপ-এর ভবনের পয়ঃনিস্কাশন ব্যবস্থা সংস্কারের জন্য 'ডিএনসিসি' ও 'রাজউক' বরাবর পত্র প্রেরণ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (হোটেল অবকাশ) বলেন, সিনহা গ্রুপ-এর ভবনের পয়ঃনিস্কাশন ব্যবস্থা সংস্কারের জন্য 'ডিএনসিসি' ও 'রাজউক' বরাবর ০৩-০৫-২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। একই সাথে 'বিল্ডিং কোড' না মেনে ভবন নির্মাণ করায় *বাপক*-এর ভবন ক্ষতিগ্রস্থ হওয়ায় প্রতিকারের জন্যও উল্লিখিত দু'টি সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি পরবর্তী অগ্রগতি নিশ্চিত করতে নির্দেশনা প্রদান করেন। | হোটেল অবকাশ-এর পার্শ্ববর্তী সিনহা গ্রুপ-এর ভবনের পয়ঃনিস্কাশন ব্যবস্থা সংস্কারের জন্য 'ডিএনসিসি' ও 'রাজউক' বরাবর সত্বর পত্র প্রেরণ করতে হবে এবং পরবর্তী অগ্রগতি নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক, হোটেল অবকাশ |
| ১০.০ | বিপণন বিভাগ | | | |
| ১০.১ | বার্ষিক ইভেন্ট ক্যালেন্ডার প্রকাশ | ব্যবস্থাপক (বিপণন) সভাকে অবহিত করেন যে, গত ০৪-০৫-২০১৭ তারিখে পর্যটন বর্ষ ২০১৬-২০১৮ উদ্‌যাপনের লক্ষ্যে *বাপক*, বিটিবি ও অন্যান্য সংস্থার অংশগ্রহণে প্রণীত ইভেন্ট ক্যালেন্ডার সমন্বয়ের লক্ষ্যে গঠিত কমিটির ৪র্থ সভার সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় সংশোধন করে ইভেন্ট ক্যালেন্ডারটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভাপতি পরিচালক (বাণিজ্যিক) মহোদয়কে এ বিষয়ে পরবর্তী অগ্রগতি নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। | পর্যটন বর্ষ ২০১৬-২০১৮ উদ্‌যাপনের লক্ষ্যে *বাপক*-এর গঠিত কমিটি বার্ষিক ইভেন্ট ক্যালেন্ডার প্রকাশ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।<br>পরিচালক (বাণিজ্যিক) মহোদয় এ বিষয়ে পরবর্তী অগ্রগতি নিশ্চিত করবেন। | পরিচালক (বাণিজ্যিক) / বিপণন বিভাগ / কমিটি |
| ১০.২ | Pilgrimage Tourism-এর অংশ হিসেবে *বাপক*-এর হজ্ব প্যাকেজ প্রবর্তন প্রসঙ্গে | ব্যবস্থাপক (বিপণন) জানান, হজ্ব লাইসেন্স গ্রহণের বিষয়ে প্রশাসনিক ও ধর্ম মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>ধর্ম মন্ত্রণালয়-এর সচিব মহোদয়-এর আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে পবিত্র হজব্রত পালনকারী কর্মকর্তাবৃন্দের সহায়তায় *বাপক*-এর কর্মপরিকল্পনার একটি সংক্ষিপ্তসার প্রস্তুতপূর্বক প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি জোর তাগিদ প্রদান করে বলেন, প্রয়োজনবোধে মুখ্য সচিব ও সাবেক মুখ্য সচিব মহোদয়ের সাথে এ বিষয়ে আলোচনা করে | আলোচ্য বিষয়ে প্রশাসনিক ও ধর্ম মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে এবং হজ্ব লাইসেন্স গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিপণন বিভাগ |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। *বাপক*-এর সুনাম এবং আর্থিক উন্নতি অর্জনের ক্ষেত্রে এ খাতটি বিশেষ ভূমিকা রাখতে পারে বলেও তিনি আশা প্রকাশ করেন। | | |
| ১১.০ | জনসংযোগ বিভাগ | | | |
| ১১.১ | আন্তর্জাতিক ভাষায় ট্যুরিস্ট হ্যান্ডবুক প্রস্তুতকরণ প্রসঙ্গে | ব্যবস্থাপক (জনসংযোগ) জানান, ইতোমধ্যে অধ্যক্ষ, এনএইচটিটিআই মহোদয়কে চীনা ভাষায় অনুবাদের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে চীনা প্রশিক্ষকবৃন্দ আগামী জুন '১৭ মাসের মধ্যে চীনা ভাষায় সুন্দরবন-এর হ্যান্ডবুকটির একটি মডেল অনুবাদ প্রণয়ন করবেন।<br>এছাড়া সভাপতি জাপানী ভাষায় ছাপানো (Print) ব্যতীত শুধুমাত্র হ্যান্ডবুক অনুবাদের জন্য 'জাইকা'-কে অনুরোধ করার বিষয়ে ব্যবস্থাপক (জনসংযোগ)-কে নির্দেশনা প্রদান করেন। | জনসংযোগ বিভাগ অধ্যক্ষ (এনএইচটিটিআই)-এর সহায়তায় চীনা ভাষার প্রশিক্ষকবৃন্দের মাধ্যমে আন্তর্জাতিক ট্যুরিস্ট হ্যান্ডবুক অনুবাদের জন্য পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। এ লক্ষ্যে প্রাথমিকভাবে চীনা ভাষায় সুন্দরবন-এর হ্যান্ডবুকটির একটি মডেল অনুবাদ প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে।<br>জাপানী ভাষায় শুধুমাত্র হ্যান্ডবুক অনুবাদের জন্য 'জাইকা'-কে ব্যবস্থাপক (জনসংযোগ) অনুরোধ পত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। | জনসংযোগ বিভাগ |
| ১১.২ | বাংলাদেশে অবস্থিত দূতাবাসসমূহে প্রচার সামগ্রী প্রেরণ প্রসঙ্গে | ব্যবস্থাপক (জনসংযোগ) সভাকে অবহিত করেন, বিশ্বের বিভিন্ন দূতাবাস, পররাষ্ট্র মন্ত্রণালয়, দেশ-বিদেশ থেকে আগত পর্যটকগণ, অতিথিবৃন্দ, দেশে অনুষ্ঠিত বিভিন্ন আন্তর্জাতিক ইভেন্টসমূহ এবং দেশীয় সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানসমূহের চাহিদা অনুযায়ী এবং দেশ-বিদেশে অনুষ্ঠিত মেলা ও প্রশিক্ষণ কর্মসূচিতে পর্যটন শিল্পের প্রচারের নিমিত্ত পর্যটন প্রকাশনা সামগ্রী প্রতিনিয়তই জনসংযোগ বিভাগ হতে যথাযথভাবে সরবরাহ করা হচ্ছে। | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসমূহে প্রচারসামগ্রী প্রেরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | জনসংযোগ বিভাগ |
| ১১.৩ | বাংলাদেশের 'পর্যটন আকর্ষণ বই' মুদ্রণ | ব্যবস্থাপক (জনসংযোগ) জানান, ইতোমধ্যে জনসংযোগ বিভাগের সহকারী নির্বাহী কর্মকর্তা জনাব এনামুল হক বরিশাল বিভাগের পর্যটন আকর্ষণ স্থানসমূহের ছবি সংগ্রহের কার্যক্রম সম্পন্ন করেছেন। খুলনা ও বরিশাল বিভাগের উপর 'পর্যটন আকর্ষণ বই'-এ *বাপক*-এর স্থাপনাসমূহের দৃষ্টিনন্দন ছবি ও সার্বিক তথ্য সন্নিবেশ করতে ভালো মানের ছবি 'ডিএফপি'তে জমা প্রদান করাসহ উক্ত ছবি সুন্দরভাবে সন্নিবেশের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>এছাড়া অন্যান্য বিভাগসমূহের উপর প্রকাশিতব্য পর্যটন আকর্ষণ বই মুদ্রণের জন্য 'বিটিবি'-এর নিকট তহবিল সংস্থানের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি 'বিটিবি'-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | খুলনা ও বরিশাল বিভাগের উপর প্রকাশিতব্য 'পর্যটন আকর্ষণ বই'-এ *বাপক*-এর স্থাপনাসমূহের দৃষ্টিনন্দন ছবি ও সার্বিক তথ্য সন্নিবেশ করতে হবে।<br>অন্যান্য বিভাগসমূহের উপর প্রকাশিতব্য পর্যটন আকর্ষণ বই মুদ্রণের নিমিত্ত তহবিল সংস্থানের বিষয়ে 'বিটিবি'-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | জনসংযোগ বিভাগ |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১২.০ | ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট | | | |
| ১২.১ | প্রতিমাসে ভ্রমণ কার্যক্রম গ্রহণ এবং মাসিক ও বার্ষিক ভ্রমণপঞ্জি প্রকাশ প্রসঙ্গে | ব্যবস্থাপক (ভ্রমণ ও রেন্ট-এ-কার) বলেন, মার্চ ২০১৭ মাসে ০৪ (চার)টি নৌ-প্যাকেজ ট্যুর সম্পন্ন করা হয়েছে। তিনি আরো উল্লেখ করেন, অচিরেই একটি 'জামদানি ট্যুর' আয়োজন করা হবে।<br>সভাপতি বার্ষিক ইভেন্ট ক্যালেন্ডার অনুযায়ী ভ্রমণ পরিকল্পনা ও বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। এছাড়া প্রতিমাসে কমপক্ষে ০৪ (চার)টি করে ভ্রমণসূচি গ্রহণসহ মাসিক ও বার্ষিক ভ্রমণপঞ্জি প্রকাশ করে সে মোতাবেক বিজ্ঞাপন প্রচারের উপর গুরুত্ব আরোপ করতে হবে বলে সভাপতি ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট-কে নির্দেশনা প্রদান করেন। | ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট বার্ষিক ইভেন্ট ক্যালেন্ডার অনুযায়ী ভ্রমণ পরিকল্পনা প্রণয়ন করবে। একইসাথে প্রতিমাসে ভ্রমণসূচি গ্রহণ এবং মাসিক ও বার্ষিক ভ্রমণপঞ্জি প্রকাশ করে সে মোতাবেক বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা করবে। | ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট |
| ১২.২ | গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক-এ দিনব্যাপী প্যাকেজ ট্যুর ও সেখানকার দু'টি রেস্তোরাঁর লিজ গ্রহণ প্রসঙ্গে | সভাপতি গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক-এ দিনব্যাপী প্যাকেজ ট্যুর আয়োজন করার জন্য জোর তাগিদ প্রদান করেন। সভাপতি আরো উল্লেখ করেন, এ বছর শেষ নাগাদ বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক-এর দু'টি রেস্তোরাঁর লিজ মেয়াদ শেষ হবে। পরবর্তী বছরে উক্ত রেস্তোরাঁ দু'টির লিজ গ্রহণ করতে বাণিজ্যিক বিভাগের সহায়তায় ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিটকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | গাজীপুরস্থ বঙ্গবন্ধু শেখ মুজিব সাফারী পার্ক-এ দিনব্যাপী প্যাকেজ ট্যুর আয়োজন করতে হবে এবং সেখানকার দু'টি রেস্তোরাঁর লিজ গ্রহণ করতে বাণিজ্যিক বিভাগের সহায়তায় ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | বাণিজ্যিক বিভাগ / ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট |
| ১২.৩ | নদী/নৌ পর্যটন (River Tourism) এবং এডভেঞ্চার পর্যটন (Adventure Tourism) প্রচলন প্রসঙ্গে | সভাপতি নদী/নৌ পর্যটন বিশেষ করে প্যাডেল স্টিমার, ভাসমান নৌ-বাজার ইত্যাদি ক্ষেত্রে ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট-কে বাপক-এর ব্যবসায়িক খাত সৃষ্টির নির্দেশনা প্রদান করেন। তিনি আরো বলেন, বর্তমান পর্যটকদের অধিকাংশই তরুণ। তাদের জন্য পর্যটনকে রোমাঞ্চকর করার জন্য সভাপতি 'এডভেঞ্চার ট্যুরিজম' প্রচলনেরও পরামর্শ প্রদান করেন। | প্যাডেল স্টিমার, ভাসমান নৌ-বাজার ইত্যাদি পর্যটন আকর্ষণীয় ক্ষেত্রে ব্যবসায়িক খাত সৃষ্টি করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>বর্তমান তরুণ পর্যটকদের জন্য পর্যটনকে রোমাঞ্চকর করার জন্য 'এডভেঞ্চার ট্যুরিজম' প্রচলনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভ্রমণ ও রেন্ট-এ-কার ইউনিট |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| পরিকল্পনা বিভাগ | | | | |
| ১৩.০ | পিটিএস বিভাগ | | | |
| ১৩.১ | সালনা পর্যটন কেন্দ্র স্থাপন সংক্রান্ত | মহাব্যবস্থাপক (পিটিএস) জানান, গত ১৮-০৪-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক আলোচ্য প্রকল্পসহ বেশ কয়েকটি খাতে বাপক-এর অনুকূলে প্রায় চল্লিশ কোটি টাকা অনুমোদিত হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় বাস্তবায়িতব্য সুবিধাদি নির্মাণের লক্ষ্যে অর্থ বরাদ্দের জন্য পিটিএস বিভাগ থেকে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | মহাব্যবস্থাপক (পিটিএস) সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখবেন এবং পরবর্তী অগ্রগতি নিশ্চিত করবেন। | মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ১৩.২ | গাজীপুরের ভাওয়াল এলাকায় সংস্থার জন্য খাসজমি বরাদ্দ প্রসঙ্গে | পিটিএস বিভাগ জানা যায়, প্রয়োজনীয় জমি বরাদ্দের জন্য গত ২৬-১১-২০১০৬ তারিখে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। পরবর্তীতে প্রশাসনিক মন্ত্রণালয় থেকে জমি বরাদ্দের জন্য ভূমি মন্ত্রণালয়ে গত ০৮-০১-২০১৭ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি ভূমি মন্ত্রণালয় ও ভূমি সংস্কার বোর্ড-এর সাথে পত্র ও টেলিফোনিক যোগাযোগ করার জন্য মহাব্যবস্থাপক (ডিএফও)-কে পরামর্শ প্রদান করেন। | গাজীপুরের ভাওয়াল এস্টেট-এর (রাজ বাগান) জমির বিষয়ে মহাব্যবস্থাপক (ডিএফও) পরবর্তী অগ্রগতি নিশ্চিত করবেন। | কমিটি / পরিকল্পনা বিভাগ / মহাব্যবস্থাপক (ডিএফও) |
| ১৩.৩ | কুমিল্লার লালমাই এলাকায় প্রকল্প নির্মাণ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (পিটিএস) জানান, কুমিল্লার লালমাই এলাকায় পর্যটন সুবিধাদি প্রবর্তনের লক্ষ্যে পরিচালক (পরিকল্পনা) মহোদয়-এর নেতৃত্বে গঠিত পরিদর্শন কমিটি কর্তৃক মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক তথ্যসমৃদ্ধ ও স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | পিটিএস বিভাগ সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখবে এবং পরবর্তী অগ্রগতি নিশ্চিত করবে। | কমিটি / পরিকল্পনা বিভাগ |
| ১৩.৪ | পায়রার জমি বরাদ্দ প্রসঙ্গে | মহাব্যবস্থাপক (পিটিএস) জানান, জেলা প্রশাসক, পটুয়াখালী-এর চাহিদা অনুযায়ী পায়রা গভীর সমুদ্র বন্দর এলাকায় পর্যটন সুবিধাদি প্রবর্তনের লক্ষ্যে *বাপক*-এর অনুকূলে চিহ্নিত ৩০০ একর জমির বিপরীতে প্রয়োজনীয় তফসিল সংগ্রহপূর্বক তা অগ্রণীপত্র সমেত গত ১১-০৪-২০১৭ তারিখ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। প্রশাসনিক মন্ত্রণালয় থেকে ৯১.৫০ একর জমি বরাদ্দ চেয়ে ভূমি মন্ত্রণালয়-এ পত্র প্রেরণ করা হয়। সেইসাথে খাস খতিয়ানভুক্ত ২৫০ একর জমি অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদনও পাওয়া গেছে। | পিটিএস বিভাগ সংশ্লিষ্ট দপ্তরে যোগাযোগ অব্যাহত রাখবে এবং পরবর্তী অগ্রগতি নিশ্চিত করবে। | কমিটি / পরিকল্পনা বিভাগ |
| ১৩.৫ | হোটেল পশুর, *বাপক*, মংলার জমি সংক্রান্ত | মহাব্যবস্থাপক (পিটিএস) জানান, গত ২৫-০১-২০১৭ তারিখে মংলা বন্দর কর্তৃপক্ষ কর্তৃক বরাদ্দকৃত অতিরিক্ত ১.০০ একর জমি *বাপক* কর্তৃক বুঝে নেয়া হয়েছে। উল্লেখ্য যে, প্রকল্পটি PPP-তে বাস্তবায়নের লক্ষ্যে সার-সংক্ষেপ প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে তা | PPP-এর নীতিমালা অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে পরবর্তী ধারা অব্যাহত রাখতে হবে। | পরিকল্পনা বিভাগ |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | কেবিনেট কমিটিতে গত ১৫-০৩-২০১৭ তারিখে অনুমোদিত হয়। PPP অফিস হতে Transaction Adviser-তে নিয়োগের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | | |
| ১৩.৬ | এনএইচটিটিআই-এর তৃতীয় তলায় শ্রেণিকক্ষ নির্মাণ প্রসঙ্গে | এনএইচটিটিআই-এর তৃতীয় তলা সংস্কার কার্যক্রমের বিষয়টি সংস্থার প্রধান কার্যালয়স্থ পরিকল্পনা বিভাগ থেকে নিয়ন্ত্রণ করা হয়। তবে ইতোমধ্যে এনএইচটিটিআই-এ দায়িত্বরত ব্যবস্থাপক (পূর্ত) পূর্ব প্রস্তুতি হিসেবে প্রধান কার্যালয়ের পূর্ত বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা অনুযায়ী পূর্ত সংশ্লিষ্ট কাজের সিডিউল প্রস্তুতের কার্যক্রম প্রায় সম্পন্ন করেছেন। | এনএইচটিটিআই-এর সংস্কার কার্যক্রমের লক্ষ্যে ডিপিপি-এর উপর অনুষ্ঠিত PEC (Project Evaluation Committee)-এর সভার কার্যবিবরণী প্রাপ্তির লক্ষ্যে পরিকল্পনা কমিশনে যোগাযোগ করতে হবে। | পরিকল্পনা বিভাগ / এনএইচটিটিআই |
| ১৩.৭ | পরিকল্পনা কমিশন কর্তৃক *বাপক*-এর অনুকূলে প্রায় চল্লিশ কোটি টাকা 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি' (ADP)-তে অন্তর্ভুক্তির অনুমোদন প্রসঙ্গে | পরিচালক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন, পর্যটন বর্ষ উদ্‌যাপন উপলক্ষে দেশের কতিপয় পর্যটন আকর্ষণীয় স্থানে পর্যটন সুবিধাদি প্রবর্তন শীর্ষক প্রকল্পটি গত ১৮-০৪-২০১৭ তারিখে পরিকল্পনা কমিশন কর্তৃক 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি' (ADP)-তে অন্তর্ভুক্তির অনুমোদন পায়। এ বাবদ *বাপক* প্রায় ৪০ (চল্লিশ) কোটি (*বাপক* ও বিটিবি-এর যৌথভাবে মোট ৪৯৬৭.৮১ লক্ষ টাকা অনুদান; এর মধ্যে বিটিবি-এর অংশ প্রায় ১০ কোটি) টাকা অনুদান হিসেবে অর্জন করেছে। এ প্রেক্ষিতে সভাপতি *বাপক*-এর সর্বস্তরের কর্মকর্তা/ কর্মচারীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। | *বাপক*-এর অনুকূলে অনুদান হিসেবে 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি' (ADP)-তে অন্তর্ভুক্ত প্রায় ৪০ (চল্লিশ) কোটি টাকা ব্যবহারের জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ |
| ১৪.০ | এনএইচটিটিআই | | | |
| ১৪.১ | সৌদি সরকারের Saudi Technical Vocational Training Center-এর প্রস্তাব অনুসারে হসপিটালিটি শিল্পে দক্ষ মানবসম্পদ উৎপাদনের লক্ষ্যে এনএইচটিটিআই-এর প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি প্রসঙ্গে | অধ্যক্ষ (এনএইচটিটিআই) সভাকে অবহিত করেন, এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগাযোগ করা হয়েছে এবং সেখান থেকে জানা গেছে, এ বিষয়ে সৌদি আরবে একটি দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। তবে উক্ত সভার কার্যবিবরণী অদ্যাবধি পাওয়া যায়নি। সভাপতি পুনরায় মন্ত্রণালয়ে যোগাযোগ করে আলোচ্য কার্যক্রম গতি আনয়নের জন্য অধ্যক্ষ (এনএইচটিটিআই)-কে নির্দেশনা প্রদান করেন। | প্রশাসনিক ও পররাষ্ট্র মন্ত্রণালয়-এ পত্র প্রেরণ করতে হবে এবং সর্বশেষ পরিস্থিতি কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) |
| ১৪.২ | এনএইচটিটিআই-তে প্রতি মাসে সভা আয়োজন প্রসঙ্গে | পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের সভাপতিত্বে এনএইচটিটিআই-তে প্রতি মাসে একটি সভা আয়োজনের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। পরিচালক (পরিকল্পনা) উল্লেখ করেন, উক্ত সভার কার্যবিবরণী সংস্থার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হবে। | প্রতি মাসে এনএইচটিটিআই-তে একটি সভা আয়োজন করতে হবে। উক্ত সভার কার্যবিবরণী চেয়ারম্যান মহোদয় বরাবর পেশ করতে হবে। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১৪.৩ | দক্ষ মানবসম্পদ উন্নয়নে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিচালিত বিভিন্ন সরকারি / বেসরকারি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত এনএইচটিটিআই-এর প্রশিক্ষক প্রেরণ প্রসঙ্গে | অধ্যক্ষ (এনএইচটিটিআই) সভাকে অবহিত করেন, বর্ণিত বিষয়ে গত ০৫-০৪-২০১৭ তারিখে 'বিটিবি'-তে পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে তহবিল পাওয়া গেছে। সে প্রেক্ষিতে একটি প্রশিক্ষণ সূচি প্রণয়ন করে এবং কর্তৃপক্ষ অনুমোদিত প্যানেলভুক্ত কর্মকর্তাদের দিয়ে আগামী ০৫-০৬-২০১৭ তারিখে রাজশাহী ও রংপুরে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) চলমান প্রশিক্ষণ কর্মসূচি সফলভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং সর্বশেষ পরিস্থিতি কর্তৃপক্ষকে অবহিত করবেন। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) |
| ১৪.৪ | বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন-এর শিশু-কিশোরদের জন্য এনএইচটিটিআই-এর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং এ যাবৎ এনএইচটিটিআই হতে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের একটি তথ্যতালিকা (Database) প্রণয়ন প্রসঙ্গে | সভাপতি উল্লেখ করেন, এনএইচটিটিআই বিভিন্ন শ্রেণী-পেশার উল্লেখযোগ্য সংখ্যক নারী-পুরুষকে হোটেল ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দিয়ে আসছে। এ তালিকায় বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন-কে যুক্ত করতে পারলে তা দেশের জন্য একটি মঙ্গলজনক কাজ হবে, একইসাথে এনএইচটিটিআই-এর সুনামও বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। এ বিষয়ে তিনি অধ্যক্ষ (এনএইচটিটিআই)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়া সভাপতি এনএইচটিটিআই হতে এ যাবৎ প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের একটি তথ্যতালিকা (Database) প্রণয়ন করার জন্য অধ্যক্ষ (এনএইচটিটিআই)-কে নির্দেশনা প্রদান করেন। | বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন-এর শিশু-কিশোরদের জন্য এনএইচটিটিআই-এর প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে অধ্যক্ষ (এনএইচটিটিআই) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>এনএইচটিটিআই হতে এ যাবৎ প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীদের একটি তথ্যতালিকা (Database) প্রণয়ন করার জন্য অধ্যক্ষ (এনএইচটিটিআই) কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন। | অধ্যক্ষ (এনএইচটিটিআই) |
| ১৫.০ | পূর্ত বিভাগ | | | |
| ১৫.১ | শেরে বাংলা নগরস্থ জমিতে পর্যটন ভবন নির্মাণ প্রসঙ্গে | পূর্ত বিভাগ থেকে জানা যায়, শেরে বাংলা নগরস্থ জমিতে পর্যটন টাওয়ার নির্মাণের বিষয়ে PEC সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত DPP মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | বর্ণিত বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।। | মহাব্যবস্থাপক (পূর্ত) / মহাব্যবস্থাপক (পিটিএস) |
| ১৫.২ | পর্যটন হলিডে হোমস, কুয়াকাটা-এর সংলগ্ন নীচু জমিসমূহে মাটি ভরাট এবং বাণিজ্যিক স্থাপনা নির্মাণ প্রসঙ্গে | গত সমন্বয় সভার সিদ্ধান্তমতে ইউনিট ব্যবস্থাপক, কুয়াকাটা লেক খনন কার্যক্রম স্থানীয়ভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। | আগামী বর্ষা মৌসুমের পূর্বেই স্থানীয়ভাবে লেক খনন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (পূর্ত) / ইউনিট ব্যবস্থাপক, কুয়াকাটা |
| ১৬.০ | এস্টেট বিভাগ | | | |
| ১৬.১ | পারকির জমি বরাদ্দ প্রসঙ্গে | ব্যবস্থাপক (এস্টেট) জানান, গত ২০-০৩-২০১৭ তারিখে ব্যপক ও জেলা প্রশাসক, চট্টগ্রাম-এর সমন্বয়ে যৌথ জরীপ কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে '৬' ধারার নোটিশ জারি করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে জেলা প্রশাসক, চট্টগ্রাম-এর সংশ্লিষ্ট এল.এ শাখা হতে জানা গেছে। | '৬' ধারার কার্যক্রম সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ / ব্যবস্থাপক (এস্টেট) |

| ক্রমিক | বিষয় | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১৬.২ | কুয়াকাটা-এর পৌরকর পরিশোধ প্রসঙ্গে | ব্যবস্থাপক (এস্টেট) জানান, ইউনিট ব্যবস্থাপক, কুয়াকাটা জানিয়েছেন পৌর কর্তৃপক্ষের নিকট 'সি' ক্যাটাগরির পৌর রেট নির্ধারণপূর্বক সম্ভাব্য নতুন বিল প্রদানের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ জানালে তাঁরা সংশোধিত বিল প্রদানে অস্বীকৃতি জানিয়ে পূর্বনির্ধারিত বিলটি পরিশোধের জন্য অনুরোধ করেছেন। | ব্যবস্থাপক (এস্টেট) পৌর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত রেট অনুযায়ী কুয়াকাটা-এর পৌরকর পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ) / এস্টেট বিভাগ / ইউনিট ব্যবস্থাপক, কুয়াকাটা |
| ১৭.০ | বিবিধ | | | |
| ১৭.১ | সংস্থার পেনশন শাখায় অর্থ সংকট প্রসঙ্গে | উপব্যবস্থাপক (পেনশন) সভাকে অবহিত করেন,<br>➢ বাংলাদেশ পর্যটন করপোরেশন পেনশন ট্রাস্টি বোর্ড-এর সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক পেনশন শাখায় তহবিল ঘাটতির বিষয়ে বিভিন্ন ইউনিটে বকেয়া আনুতোষিক বাবদ পাওনা ০২ (দুই) কোটি টাকা পরিশোধের নিমিত্ত ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। আনুতোষিক বাবদ পাওনা অর্থের চেক আসতে শুরু করেছে। বাপক প্রধান কার্যালয়, হোটেল অবকাশ, হোটেল সৈকত, মোটেল লাবণী ও মোটেল প্রবাল ব্যতীত অধিকাংশ ইউনিট তাদের নিকট পাওনা হালনাগাদ করেছেন।<br>➢ ঘাটতি তহবিল নিরসনকল্পে পেনশন শাখা হতে ৩১-১২-২০১৬ তারিখ পর্যন্ত ১৯ (উনিশ) জন কর্মকর্তা/কর্মচারীর পেনশন আনুতোষিক পরিশোধের নিমিত্ত হিসাব বিভাগের বিনিয়োগকৃত তহবিল হতে ৬.০ (ছয়) কোটি টাকা পেনশন শাখায় স্থানান্তরের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উক্ত নথি প্রক্রিয়াধীন রয়েছে, তবে এ বিষয়ে অদ্যাবধি কোনো সিদ্ধান্ত পাওয়া যায়নি।<br>➢ তহবিল ঘাটতির কারণে পেনশন ট্রাস্টি বোর্ড-এর সভা অনুষ্ঠিত হয়নি। তহবিল ঘাটতি নিরসনে শীঘ্রই পেনশন ট্রাস্টি বোর্ড-এর সভা আয়োজন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | পেনশন ট্রাস্টি বোর্ড সত্বর একটি সভা আয়োজন করবে এবং উক্ত সভার সিদ্ধান্ত কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবে। | সভাপতি, পেনশন ট্রাস্টি বোর্ড / উপব্যবস্থাপক (পেনশন) |

১৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.৬.২০১৭
(আখতারুজ জামান খান কবির)
চেয়ারম্যান

নথি নং: ০০.০৩২.০০৬.২০.০৫.০০১.২০০৭/১৬৮৫

তারিখ: ০১ আষাঢ় ১৪২৪
১৫ জুন ২০১৭

সদয় অবগতি ও কার্যক্রমের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। পরিচালক ---------- (সকল), *বাপক*, ঢাকা।
২। মহাব্যবস্থাপক ---------- (সকল), *বাপক*, ঢাকা।
৩। অধ্যক্ষ, এনএইচটিটিআই, *বাপক*, মহাখালী, ঢাকা।
৪। বিভাগীয় প্রধান ---------- (সকল), *বাপক*, ঢাকা।
৫। চেয়ারম্যান মহোদয়-এর একান্ত সচিব, *বাপক*, ঢাকা ---- চেয়ারম্যান মহোদয়-এর সদয় অবগতির জন্য।

১৫/৬/১৭
(এস. এম. হুমায়ুন কবির সরকার)
মহাব্যবস্থাপক (প্রশাসন)